# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৮ সালের জুন মাসের (৬ষ্ঠ) বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০১ জুলাই, ২০১৮ |
| সময় | ঃ | সকাল ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

**আলোচ্যবিষয়-১ঃ** ৩১ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

**আলোচনা ঃ** গত ৩১ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮ সালের এপ্রিল মাসের (২০১৮ সালের ৫ম) বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস এর প্রস্তাবের প্রেক্ষিতে এবং সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৮ সালের মে মাসে অনুষ্ঠিত ৫ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যবিষয়-২ঃ** মে, ২০১৮ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মে, ২০১৮ মাসে বিভিন্ন খাতে ৪,৩৬,১৯,৬৫৯/- (চার কোটি ছত্রিশ লক্ষ ঊনিশ হাজার ছয়শত ঊনষাট) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০/- (পঁনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে মে, ২০১৮ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ২৪,৩৭,১৭,০৯০/- (চব্বিশ কোটি সাইত্রিশ লক্ষ সতের হাজার নব্বই) টাকা, যা মোট দাবীর ১৫৭.৬৭%%। করের আওতা বৃদ্ধি পাওয়ায় আরো আদায়যোগ্য কর বকেয়া রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার হোল্ডিং প্রতি ধার্যকৃত, আদায়কৃত এবং বকেয়া গৃহকরের পরিসংখ্যান প্রস্তুত করে আগামী উপস্থাপন করতে হবে। বকেয়া কর আদায়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহকগণকে চূড়ান্ত পত্র প্রদান করতে হবে।

**আলোচ্যবিষয়-৩ঃ** মে, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা ঃ** মে, ২০১৮ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট **৫,২৮,২০,৪১৩/-** (পাঁচ কোটি আটাশ লক্ষ বিশ হাজার চারশত তের) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ মে, ২০১৮ মাসে সর্বমোট আয় ৫,৫৮,৬৩,৮৯৪/- (পাঁচ কোটি আটান্ন লক্ষ তেষট্টি হাজার আটশত চুরানব্বই) টাকা। অপরদিকে মে, ২০১৮ মাসে সর্বমোট ব্যয় **২,৯৭,৪৭,১৩৯/-** (দুই কোটি সাতানব্বই লক্ষ সাতচল্লিশ হাজার একশত ঊনচল্লিশ) টাকা, সমাপনী জের **২,৬১,১৬,৭৫৫/-** (দুই কোটি একষট্টি লক্ষ ষোল হাজার সাতশত পঞ্চান্ন) টাকা।

**সিদ্ধান্ত ঃ** মে, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য বিবরণী সামরিক, ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৪ঃ মে, ২০১৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ মে, ২০১৮ মাসে স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট-পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। উক্ত সময়ে জীবানুতাত্ত্বিক পরীক্ষার (Bacteriological) জন্য গৃহিত পানির নমুনার সংখ্যা-৭০ টি। উক্ত নমুনার মধ্যে Excellent-22, Satisfactory-24, Suspecious-02, Un-satisfactory-22। ক্লোরিনের উপস্থিতির হার ১০০%। সভায় আলোচনাক্রমে ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসীন জানান যে, হাজী মহসিন এবং ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ এর পশ্চিম পার্শ্বে প্রধান সড়কের ড্রেন প্রায়শঃই বন্ধ হয়ে ওভারফ্লো হয়। এ প্রসংগে আলোচনায় অংশগ্রহণ করে সিএমইএস (আর্মি) জানান যে, ঢাকা সেনানিবাসের দক্ষিণ অংশের আউটলেটটি ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় বন্ধ হয়ে যাওয়ায় এ অসুবিধা হচ্ছে। সিটি কর্পোরেশন এবং রাজউক এর সাথে সমন্বয় করে আউটলেট চালু করার কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত ঃ সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখাসহ মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণের রাখার জন্য সেনানিবাসের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে, ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ এবং পানি বাহিত রোগের প্রার্দুভাব যাতে না ঘটে তা নিশ্চিত করতে হবে।

আলোচ্যবিষয়-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর অনুমতি ঃ-

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২৬, ফ্ল্যাট নং-৬/এ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব),রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রওশন আরা চৌধুরী স্বামী-রিয়াজ বিন মাহমুদ, বাড়ী নং-১৪, ফ্ল্যাট নং-৪০৪, গুলশান-১, ঢাকা-১২১২। তারিখ-২৩/০৮/২০১৬। | মিসেস সাজেদা জাহান,স্বামী-মেজর শেখ আহসান হাবিব, পিএসসি (অবঃ), বাড়ী নং-২৬, ফ্ল্যাট নং-৬/এ, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৭/০১/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.০৬.০১ .১৮.-৩৪৬৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২০৬২ বঃফুঃ (কমবেশী) ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | প্লট নং-৭২, ফ্ল্যাট নং-এ/৫ রোড নং-০৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস জিনাত সুলতানা, স্বামী-মেজর (অবঃ) মোঃ কবির উদ্দিন (জনাব আলী ইরতেজা,পিতা-শেখহাসমত আলী এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-৭২, ফ্ল্যাট নং-এ/৪, রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা,ঢাকা সেনানিবাস,ঢাকা-১২০৬। তারিখ-১৮/১০/২০১৭ | মেজর মোঃ মাহবুবুল আলম, পিএসসি (অবঃ), পিতা-মরহুম মোঃ ফজলুর রহমান, বাড়ী নং-৭২, ফ্ল্যাট নং-৫/সি, রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | ০১/০৫/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.০৯.০ ৫.১৮-৩১৩৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫৪৮ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট নীচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)।উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | প্লট নং-২০ ফ্ল্যাট নং-বি/২ (৩য় তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী- প্রফেসর মোহাম্মদ আবদুল্লাহ, বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ- ০২ জুন ২০১৬। | (১) জনাব এ, কে, এম আশফাকুর রহমান চৌধুরী, পিতা-মৃত এ, কে, এম, মোস্তাফিজুর রহমান চৌধুরী (২) মোসাঃ শাহনাজ বেগম, স্বামী- এ, কে, এম আশফাকুর রহমান চৌধুরী, বর্তমান ঠিকানা-ভিশন মেহরাব গার্ডেন,বাড়ী নং-২০, ফ্ল্যাট নং-বি/২ (৩য় তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | ০৮/০৬/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০৩.০২৮.০১.০৮.০ ৬.১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭০০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট বেজমেন্টে ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা ঃ

৫.১। ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ২৬ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৬ষ্ঠ তলার উত্তর-পূর্ব পার্শ্বের ২০৬২ বর্গফুট আয়তন বিশিষ্ট ৬/এ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ মিসেস সাজেদা জাহান, স্বামী-মেজর শেখ আহসান হাবিব, পিএসসি(অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে উক্ত ফ্ল্যাটের মালিক মিসেস রওশন আরা চৌধুরী, স্বামী-রিয়াজ আল মাহমুদ ২৩ আগস্ট ২০১৬ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২২ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৬/ফ্ল্যাট নং-৬/এ(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব)/১৭ এবং ০১ জানুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৬/ফ্ল্যাট নং-৬/এ(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব)/২১ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর ০৭ জানুয়ারি ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৮.০১.০৯.০৫. ১৮ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৫.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডে ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৭২ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ১৫৪৮ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৫ নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ মেজর মোঃ মাহবুবুল আলম, পিএসসি (অবঃ), পিতা- মরহুম মোঃ ফজলুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য উক্ত ফ্ল্যাটের মালিক মিসেস জিনাত সুলতানা, স্বামী- মেজর (অবঃ) মোঃ কবির উদ্দিন (জনাব আলী ইরতেজা, পিতা- শেখ হাসমত আলী এর নিযুক্তীয় আম-মোক্তার) ১৮ অক্টোবর ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৫ জানুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৭২/ফ্ল্যাট নং-এ/৫/২৩ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ০১ মে ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.০৯০৫.১৮-৩১৩৩ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৫.৩। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০০ বর্গফুট বা ১৫(পনের) কাঠা জমি বিশিষ্ঠ ২০ নং প্লটের পূর্বাংশের ১২.৫০ (সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৩য় তলার পূর্ব পার্শ্বের বিল্ডিং এর ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/২ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ (১) জনাব এ, কে, এম আশফাকুর রহমান চৌধুরী, পিতা- মৃত এ, কে, এম, মোস্তাফিজুর রহমান চৌধুরী (২) মোসাঃ শাহনাজ বেগম, স্বামী- এ, কে, এম আশফাকুর রহমান চৌধুরীর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতির জন্য ফ্ল্যাটটির মালিক মিসেস মেহেরুন নেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ ০২ জুন, ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-বি/২(৩য় তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং)/২৩ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতাদ্বয়ের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ০৮ জুন ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩. ০২৮.০১.০৮.০৬.১৭ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখল এবং অননুমোদিত নির্মাণ নেই।

সিদ্ধান্ত ঃ

বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো নামের পার্শ্বে বর্ণিত প্রস্তাবিত ক্রেতাদের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রঃনং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | প্রস্তাবিত ক্রেতার নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১. | প্লট নং-২৬, ফ্ল্যাট নং-৬/এ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব),রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস সাজেদা জাহান<br>স্বামী-মেজর শেখ আহসান হাবিব, পিএসসি (অবঃ)<br>বাড়ী#২৬, ফ্ল্যাট#৬/এ, রোড#৪<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। |
| ২. | প্লট নং-৭২, ফ্ল্যাট নং-এ/৫, রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর মোঃ মাহবুবুল আলম, পিএসসি (অবঃ)<br>পিতা-মরহুম মোঃ ফজলুর রহমান<br>বাড়ী#৭২, ফ্ল্যাট#৫/সি, রোড#৬<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। |

| | | |
|---|---|---|
| ৩. | প্লট নং-২০ ফ্ল্যাট নং-বি/২ (৩য় তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) জনাব এ, কে, এম আশফাকুর রহমান চৌধুরী, পিতা-মৃত এ, কে, এম, মোস্তাফিজুর রহমান চৌধুরী (২) মোসাঃ শাহনাজ বেগম, স্বামী- এ, কে, এম আশফাকুর রহমান চৌধুরী বাড়ী#২০, ফ্ল্যাট#বি/২ (৩য় তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং), রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস |

আলোচ্যবিষয়-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী অনুমতি ঃ-

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/রেজিস্ট্রি কৃত হেবাদলিলমুলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২০, ফ্ল্যাট নং-বি/৩ (৪র্থ তলা পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্ব), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ, বাড়ী নং-২০, রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা,ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), পিতা-মরহুম দাউদ আলী মল্লিক ও (২) সায়কা সুলতানা সিমী, স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), বর্তমান ঠিকানা-বাড়ী নং-৩৭, ফ্ল্যাট নং-সি/৩, রোড নং-১১, গ্যারিশন, ঢাকা ক্যান্টনমেন্ট। তারিখ-১০/০৬/২০১৮। | ১৪/৩/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০২.১২১.০১.০ ৫.০৩.১৮-৪২৪৭ নং পত্র। | ১৬/৪/২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-বি/৩/৪র্থ তলা(পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্ব)২৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭০০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, বেজমেন্ট ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ২. | প্লট নং-৩০/ই, ফ্ল্যাট নং-এ/১, (২য় তলা), রোড নং-০৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রুকাইয়া ওরফে রোখাইয়া ফতেহ আলী,স্বামী-মরহুম ফতেহ আলী, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | কামনা রহমান, স্বামী-আতাউর রহমান বাবলু, বর্তমান ঠিকানা-বাসা নং-৯১, নতুন-৫, রোড নং-১০, ধামালকোর্ট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১৬/৪/২০১৮ | ৯/৮/২০১৭ তারিখের ২৩.০১৯০১.৮০০ .০৩.০২৮.০১.০৯ .০৭.১৭ নং পত্র। | ২৪/৮/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-৩০/ই/ফ্ল্যাট নং-এ/১(২য় তলা)/২১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৬৫০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নীচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ৩. | প্লট নং-২৬/সি, ফ্ল্যাট নং-বি/৪, (৫ম তলা), রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সালমা বেগম, স্বামী-মোঃ ওসমান গণি (জনাব ফজলুল হক খান এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-২৬/সি, ফ্ল্যাট নং-বি/৪, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | নাশিদ শারমিন, পিতা-মোঃ ওসমান গণি, বাড়ী নং-২৬/সি, ফ্ল্যাট নং-বি/৪(৫ম তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১৯/৬/২০১৮ | ০৮/০২/২০১১ তারিখের ১৩০০/১২০/৫৭/ ৫/ক নং পত্র। | ২৮/৪/২০১১ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-২৬/সি/ফ্ল্যাট নং-বি-৪/৬৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৮৫০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নীচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ৪. | প্লট নং-১৬/সি, ফ্ল্যাট নং-৩০৩, (৩য় তলা পূর্ব), রোড নং-২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা, ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভেলপারস লিঃ( মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী নং-১৬/সি, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মোঃ নুরুল হুদা, পিতা-মোঃ নাদেরেরজামান, বর্তমান ও স্থায়ী ঠিকানা-১৬/সি, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ-১৭/০৪/২০১৮। | ৩১/৭/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০৩.০২৮.০১.৩ ০.০৭.১৭/২ নং পত্র। | ১৪/১২/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-১৬/সি/ফ্ল্যাট নং-৩০৩(৩য় তলা পূর্ব)/৩১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫০০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নীচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫. | প্লট নং-৬৫, ফ্ল্যাট নং-সি/৪(৫ম তলা), রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস নাসিমা কবির পিতা-মৃত এম এ মালেক , বাড়ী নং-৬৫, রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এ টি এম ইয়াছিন ফেরদৌস, পিতা-মরহুম এম এ মালেক, বাড়ী নং-৬৫, রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | রেজিস্ট্রিকৃত দান/হেবা দলিলমুলে | ২০/২/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-৬৫/২৩৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১০৫০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা ঃ

৬.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫(পঁনের) কাঠা জমি বিশিষ্ঠ ২০ নং প্লটের পূর্বাংশের ১২.৫০ (সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৩য় তলার পূর্ব পার্শ্বের বিল্ডিং এর ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/২ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ অত্র দপ্তরের ১৬ এপ্রিল ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-বি/৩/৪র্থ তলা/(পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্ব)/২৭ নং পত্রের মাধ্যমে (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), পিতা-মরহুম দাউদ আলী মল্লিক ও (২) সায়কা সুলতানা সিমী, স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ উক্ত ফ্ল্যাটটির খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতাদ্বয় এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), পিতা-মরহুম দাউদ আলী মল্লিক ও (২) সায়কা সুলতানা সিমী, স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ) রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁদের নামে নামজারী করার জন্য ১৬ জুন ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৬.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮৮৫ বর্গফুট বা ৯.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ২য় তলার ১৬৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/১ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কার পার্কিং (পার্কিং নং-পি-১৭) এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ অত্র দপ্তরের ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৩০/ই/ফ্ল্যাট নং-এ/১/(২য় তলা)/৩৩ নং পত্রের মাধ্যমে মিসেস কামনা রহমান, স্বামী-আতাউর রহমান বাবলু এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী উক্ত ফ্ল্যাটটির প্রস্তাবিত ক্রেতার নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক মিসেস কামনা রহমান, স্বামী-আতাউর রহমান বাবলু রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৬ এপ্রিল ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৬.৩। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭১৩৮ বর্গফুট বা ৯.৯১ কাঠা জমি বিশিষ্ট ২৬/সি নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৫ম তলার ১৮৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৪ নং ফ্ল্যাট, নীচতলা ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ অত্র দপ্তরের ০৪ জুলাই ২০১১ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/ প্লট নং-২৬/সি/ফ্ল্যাট নং-বি/৪/৭৮ নং পত্রের মাধ্যমে মিসেস নাশিদ শারমিন, স্বামী- জনাব রেজা-ই-রাব্বী এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস সালমা বেগম, পিতা- জনাব মোঃ এনায়েত হোসেন (ইঞ্জিঃ মোঃ ফজলুল হক খান এর নিযুক্তীয় আম-মোক্তার) প্রস্তাবিত ক্রেতার নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক মিসেস নাশিদ শারমিন, স্বামী- রেজা-ই-রাব্বী রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৯ জুন ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৬.৪। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৮৯০ বর্গফুট বা ১৫.১২৫ কাঠা জমি বিশিষ্ট ১৬/সি নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৩য় তলার ১৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩০৩ নং ফ্ল্যাট, নীচতলা ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ অত্র দপ্তরের ০৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১৬/সি/ফ্ল্যাট নং-৩০৩(৩য় তলা পূর্ব)/৪৪ নং পত্রের মাধ্যমে জনাব মোঃ নুরুল হুদা, পিতা- মোঃ নাদেরের জামান এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক জনাব এম এন হুদা, ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভেলপারস লিঃ (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) প্রস্তাবিত ক্রেতার নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক জনাব মোঃ নুরুল হুদা, পিতা-মোঃ নাদেরের জামান রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৭ এপিল ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৬.৫। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৬৫ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৫ম তলার ১০৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট সি/৪ নং ফ্ল্যাট এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ অত্র দপ্তরের ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৬৫/২৪৬ নং পত্রের মাধ্যমে জনাব এটিএম ইয়াছিন ফেরদৌস, পিতা-মৃত এম এ মালেক এর নিকট ডিক্লারেশন অব হেবা দলিলমূলে দান/হস্তান্তর দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস নাসিমা কবির, পিতা-মৃত এম এ মালেক উক্ত ফ্ল্যাটটির খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত হেবা গ্রহীতার নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির হেবা/দানসূত্রে মালিক জনাব এ টি এম ইয়াছিন ফেরদৌস, পিতা-মৃত এম এ মালেক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো রেজিষ্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | গ্রহীতা/ক্রেতার নাম |
|---|---|---|
| ১. | প্লট নং-২০, ফ্ল্যাট নং-বি/৩ (৪র্থ তলা পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্ব), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ)<br>পিতা-মরহুম দাউদ আলী মল্লিক ও<br>(২) সায়কা সুলতানা সিমী<br>স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ)<br>বাড়ী নং-৩৭, ফ্ল্যাট নং-সি/৩, রোড নং-১১, গ্যারিশন, ঢাকা ক্যান্টনমেন্ট। |
| ২. | প্লট নং-৩০/ই, ফ্ল্যাট নং-এ/১, (২য় তলা), রোড নং-০৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | কামনা রহমান<br>স্বামী-আতাউর রহমান বাবলু<br>বাসা#৯১, নতুন-৫, রোড#১০, ধামালকোট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। |
| ৩. | প্লট নং-২৬/সি, ফ্ল্যাট নং-বি/৪, (৫ম তলা), রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নাশিদ শারমিন<br>পিতা-মোঃ ওসমান গণি<br>বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#বি/৪(৫ম তলা), রোড #৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। |
| ৪. | প্লট নং-১৬/সি, ফ্ল্যাট নং-৩০৩, (৩য় তলা পূর্ব), রোড নং-২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ নুরুল হুদা<br>পিতা-মোঃ নাদেরেরজামান<br>বাড়ী#১৬/সি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। |
| ৫. | প্লট নং-৬৫, ফ্ল্যাট নং-সি/৪(৫ম তলা), রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এ টি এম ইয়াছিন ফেরদৌস<br>পিতা-মরহুম এম এ মালেক<br>বাড়ী#৬৫, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। |

আলোচ্যবিষয়-৭ঃ ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড এর হোল্ডিং ট্যাক্স পুনঃনির্ধারণের (Re-assesment) বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সভাকে অবহিত করা হয় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এর আওতাধীন সদর মহাখালী এলাকার অবস্থিত ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড এর নিকট নিম্নরূপভাবে গৃহকর বকেয়া রয়েছেঃ-

১। **২০১৭-২০১৮ অর্থ বছরে** ৩,১৭,১৯৩ (তিন লক্ষ সতের হাজার একশত তিরানব্বই) বর্গফুট আয়তনের হোল্ডিং এর জন্য ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড এর প্রতি বর্গফুট ১৮/-(আঠার) টাকা হারে বার্ষিক ৭১,৩৬,৮৪২/-(একাত্তর লক্ষ ছত্রিশ হাজার আটশত বিয়াল্লিশ) টাকা গৃহকর নির্ধারণ করা হয়েছে। যা অদ্যাবধি পরিশোধ করা হয়নি। উল্লেখ্য সম শ্রেণীর হোল্ডিং এর ক্ষেত্রে ঢাকা সিটি কর্পোরেশন ২০০৯-২০১০ অর্থ বছর হতে প্রতি বর্গফুট ১৮/-(আঠার) টাকা হারে নির্ধারণ করেছে।

২। প্রতিরক্ষা অডিট অধিদপ্তরের ২০১২-২০১৪ আর্থিক সালের নিরীক্ষায় ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড এর অনুমোদিত নকশার চেয়ে আয়তন কম দেখিয়ে গৃহকর ধার্য করার ফলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৫৮,৯২,৭৮৩/- (আটান্ন লক্ষ বিরানব্বই হাজার সাতশত তিরাশি) টাকা আর্থিক ক্ষতি হয়েছে মর্মে আপত্তি উত্থাপিত হয় (অডিট আপত্তির প্রতিবেদন সংযুক্ত)। উক্ত আপত্তিকৃত টাকা পরিশোধ করার জন্য একাধিকবার পত্র প্রেরণ করা হলেও তা অদ্যাবধি পরিশোধ না করায় নিরীক্ষার আপত্তি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

৩। সিটি কর্পোরেশনের ধার্যকৃত প্রতি বর্গফুট ১৮/-(আঠার) টাকা হারে ২৪৬৭৬৫ বর্গফুট আয়তনের জন্য ২০০৯-২০১০ আর্থিক সন হতে ২০১২-২০১৩ আর্থিক সন পর্যন্ত ০৪ বছর, ২৮১৩৮০ বর্গফুট আয়তনের জন্য প্রতি বর্গফুট ১৮/-টাকা হারে ২০১৩-২০১৪ আর্থিক সন হতে ২০১৪-২০১৫ সন পর্যন্ত = ০২ বছর এবং ৩১৭১৯৩ বর্গফুট আয়তনের জন্য একই হারে ২০১৫-২০১৬ হতে ২০১৬-২০১৭ পর্যন্ত ০২ বছর সহ মোট ০৮(আট) বছরের সর্বমোট ২,৬৬,৭৭,০০৫/-(দুই কোটি ছিষট্টি লক্ষ সাতাত্তর হাজার পাঁচ) টাকা ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড হতে কম আদায় করা হয়েছে। উক্ত বকেয়া পাওনা পরিশোধের জন্য পত্র প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো কর্তৃপক্ষকে ক্যান্টনমেন্ট বোর্ডের বকেয়া হোল্ডিং ট্যাক্সসহ হালনাগাদ দাবীকৃত হোল্ডিং ট্যাক্স পরিশোধ করার জন্য তাগিদপত্র প্রদান করতে হবে। প্রয়োজনে বিএটিবি কর্তৃপক্ষের সাথে সভা করে বকেয়া হোল্ডিং ট্যাক্স আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক শহীদ সাত্তার মার্কেট) এর নিচতলায় ০৭(সাত) টি দোকানের ভাড়ার মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলেনাচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ভবনের নিচতলার (সাবেক শহীদ সাত্তার মার্কেট) ০৭ টি দোকানের মধ্যে (১ হতে ৬ নং দোকান) ০৬ টি দোকান ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৩ এর মাধ্যমে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান সাপেক্ষে এবং মাসিক ৪,০৫০/-(চার হাজার পঞ্চাশ) টাকা ভাড়ায় ১/৭/২০১০ তারিখ হতে ৩০/৬/২০১৫ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছর মেয়াদে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ৭ নং দোকানটির জন্য ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) ফেরতযোগ্য সালামী গ্রহণ করা হয়। উল্লেখ্য যে, ইতোপূর্বে দোকানসমূহ ০১ বছর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হত। দোকানসমূহের ভাড়ার মেয়াদ ৩০/৬/২০১৫ তারিখে উত্তীর্ণ হওয়ায় ভাড়াটিয়াগণ ভাড়ার মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন। আবেদনপত্রটি ০৩ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বিদ্যমান ০৭ টি দোকান মাসিক ৭,০০০/-(সাত হাজার) টাকা ভাড়ায় ০১/৭/২০১৫ হতে ৩০/৬/২০১৮ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদ বৃদ্ধি করা হয়। যার মেয়াদ ৩০/৬/২০১৮ তারিখে উত্তীর্ণ হবে। দোকানসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রঃ নং | দোকান মালিক/ ভাড়াটিয়ার নাম | দোকান নম্বর | পূর্বে কত বছরের জন্য ভাড়া ছিল | পূর্বে ধার্যকৃত ফেরতযোগ্য জামানতের পরিমান | মেয়াদ উর্ত্তীণের তারিখ | দোকানের আয়তন (বর্গফুট) | মাসিক ভাড়া |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ কেরামত আলী | ১ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯ =১৩৫ | ৭,০০০/- |
| ২. | জনাব মোঃ আব্দুল হামিদ শিকদার | ২ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯ =১৩৫ | ৭,০০০/- |
| ৩. | জনাব মোঃ শহীদুল্লাহ ভূঁইয়া | ৩ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯ =১৩৫ | ৭,০০০/- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪. | জনাব মোঃ জোনাব আলী (মরহুম) | ৪ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯=১৩৫ | ৭,০০০/- |
| ৫. | মিসেস আনোয়ারা বেগম (মরহুমা) | ৫ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯=১৩৫ | ৭,০০০/- |
| ৬. | জনাব আলী আহম্মদ | ৬ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯=১৩৫ | ৭,০০০/- |
| ৭. | কাজী আব্দুল ওয়াহেদ (মরহুম) | ৭ | ০৩ বছর | ২,৫০,০০০/- | ৩০/৬/১৮ | ১৫×৯=১৩৫ | ৭,০০০/- |

সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক শহীদ সাত্তার মার্কেট) এর নিচতলায় ০৭(সাত)টি দোকান ০১/৭/২০১৮ তারিখ হতে ৩০/৬/২০১৯ তারিখ পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ভাড়া বিদ্যমান ভাড়ার ২০% বৃদ্ধি করে মেয়াদ বৃদ্ধির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-০১ নং দোকান ইজারার জন্য জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার জামানত ফেরত প্রদানের জন্য মোসাঃ দিলসাদ রহমান মুন্নী, প্রযত্নে- কর্ণেল এ বি এম মিজানুর রহমান এর ১০ এপ্রিল ২০১৮ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকানসমূহ ইজারা প্রদানের জন্য ২৩ জানুয়ারি ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হলে মোসাঃ দিলসাদ রহমান মুন্নী, স্বামী- কর্ণেল এবিএম মিজানুর রহমান, ওএসপি, পিবিজিএম কর্তৃক ৬ষ্ঠ তলার ০১ নং দোকানের জন্য মোট ৩৪,৩৮,১৫০/- (চৌত্রিশ লক্ষ আটত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। উক্ত সালামীর টাকা ০৮ কিস্তিতে পরিশোধ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ মার্চ ২০১৮ তারিখের ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/ অঃকাঃশঃকঃ/৬ষ্ঠ তলা-১/৯ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। কিন্তু তিনি কোন কিস্তির অর্থ পরিশোধ করেননি। অতঃপর উক্ত দোকানটি ইজারা/বরাদ্দ গ্রহণে আগ্রহী নয় মর্মে জামানত হিসেবে জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত চেয়ে ১০ এপিল ২০১৮ তারিখে আবেদন করেন। উল্লেখ্য যে, দোকান বরাদ্দ নীতিমালার শর্তানুযায়ী "সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তৃন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে"।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-০১ নং দোকান গ্রহণে অপারগতা প্রকাশ করায় ইজারার জন্য জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার জামানত দোকান বরাদ্দ নীতিমালার অনুচ্ছেদ-১০ অনুযায়ী বাজেয়াপ্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-১০ঃ রজনীগন্ধা সুপার মাকেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর ৩য় তলার ১৩ নং দোকানের জমাকৃত সালামীর সমুদয় অর্থ ফেরত প্রদানের বিষয়ে ডাঃ মোহাম্মদ মজিবর রহমান এর ৩০ মে ২০১৮ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মাকেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর ৩য় তলার-১৩ নং দোকানটি ২১,৭৩,৬১৪/-(একুশ লক্ষ তিয়াত্তর হাজার ছয়শত চৌদ্দ) টাকা (ভ্যাট+উৎসকর সহ মোট ২৬,০৮,৩৩৬/-টাকা) সালামীর সমুদয় অর্থ পরিশোধ করায় ডাঃ মোহাম্মদ মজিবর রহমান, পিতা-মরহুম জসিম উদ্দিনকে বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দ গ্রহীতা ডাঃ মোহাম্মদ মজিবর রহমান মিরপুর ডিওএইচএস এলাকায় প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ব্যাংক হতে ঋণ গ্রহণ করেছেন। উক্ত ঋণের টাকা পরিশোধ করার জন্য টাকার প্রয়োজন বিধায় রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলার-১৩ নং দোকানের জমাকৃত সমুদয় অর্থ ফেরত চেয়ে আবেদন করেছেন। উল্লেখ্য যে, "সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তৃন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে" মর্মে দোকান বরাদ্দের নীতিমালায় উল্লেখ রয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলার ১৩ নং দোকানের ইজারা গ্রহীতা কর্তৃক দোকান সমর্পনের আবেদন করায় দোকান বরাদ্দ নীতিমালার অনুচ্ছেদ-১০ অনুযায়ী জমাকৃত জামানত বাজেয়াপ্ত করতঃ অবশিষ্ট অর্থের (ট্যাক্স ভ্যাট ব্যতীত) ১০% কর্তন করে বাকী টাকা ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-১১ঃ ০৪(চার) টি রিকসা লাইসেন্স প্রদানের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে চলাচলের নিমিত্তে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রিকশা লাইসেন্স প্রদান করা হয়। ইতোমধ্যে ক্যান্টনমেন্ট বোর্ডসভার অনুমোদনক্রমে মোট ১৫০০(এক হাজার পাঁচশত) টি রিকশা লাইসেন্স প্রদান করা হয়েছে। (১) সিনিয়র ওয়ারেন্ট অফিসার (অবঃ) মোঃ মাসুদ আলম, পিতা-আব্দুর কুদ্দুস, (২) কাজী আবুল বাশার, বীর মুক্তিযোদ্ধা (৩) মিসেস রেহেনা আক্তার, স্বামী-মোঃ ফারুক হোসেন গাজী ও (৪) মিসেস নুরজাহান বেগম, স্বামী- মোশারফ হোসেন প্রত্যেকে ০১ টি করে রিক্সা লাইসেন্স চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বিশেষ বিবেচনায় (১) সিনিয়র ওয়ারেন্ট অফিসার (অবঃ) মোঃ মাসুদ আলম, পিতা-আব্দুর কুদ্দুস, (২) কাজী আবুল বাশার, বীর মুক্তিযোদ্ধা (৩) মিসেস রেহেনা আক্তার, স্বামী-মোঃ ফারুক হোসেন গাজী ও (৪) মিসেস নুরজাহান বেগম, স্বামী- মোশারফ হোসেন-কে একটি করে মোট ০৪(চার)টি রিকশা লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নির্মাণাধীন কিচেন মার্কেটের ৪০(চল্লিশ) টি দোকান ইজারার নিমিত্ত প্রাপ্ত দর ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সভায় উপস্থাপন করা হয় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে নির্মিতব্য কিচেন মার্কেটের দোকান বিক্রয়ের নিমিত্ত ৩০ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলেচ্য বিষয়-১২ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে ০৫ মে ২০১৮ তারিখে দৈনিক প্রথম আলো ও বাংলাদেশ প্রতিদিন প্রত্রিকায় দোকান ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে নির্ধারিত ৩১ মে ২০১৮ তারিখে উপরে বর্ণিত ট্রেড ভিত্তিক মোট ৪০ টি দোকানের বিপরীতে নিম্নবর্ণিতভাবে দর পাওয়া যায় ঃ-

**(১) মুরগী দোকান (নীচ তলা)**

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর | প্রাপ্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মহিউদ্দিন<br>পিতা- মোহাম্মদ উল্লাহ ভূইয়া | নীচ তলা-৬৮ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৬,০০,৫০০/- | ০১ টি |
| ২. | ফজলুর রহমান<br>পিতা- মৃত মোঃ আব্দুর রাজ্জাক | নীচ তলা-৬৯ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৬,০০,১০০/- | ০২ টি |
| ৩. | ফজলুর রহমান<br>পিতা- মৃত মোঃ আব্দুর রাজ্জাক | নীচ তলা-৭১ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৬,০০,১০০/- | ০১ টি |
| ৪. | মোঃ আনোয়ার হোসেন<br>পিতা- মোঃ আব্দুর রহমান | নীচ তলা- ৮৫ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৫,৫০,০০০/- | ০১ টি |
| ৫. | জনাব গোলাম সারোয়ার<br>পিতা- মোঃ সিরাজুল ইসলাম | নীচ তলা-৯৩ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৭,০০,১০০/- | ০১ টি |
| ৬. | শামীম আল মামুন | নীচ তলা-৯৫ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৭,০০,১০০/- | ০১ টি |
| ৭. | জনাব নাহিদ সরকার<br>পিতা- ওয়াজউদ্দিন সরকার | নীচ তলা-৯৭ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৭,০০,১০১/- | ০১ টি |
| ৮. | জানাব মোঃ বাতেন<br>পিতা- মোঃ ইব্রাহিম | নীচ তলা-১০৪ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৭,৫০,০০০/- | ০৩ টি |
| ৯. | জনাব মোঃ ইলিয়াস হোসেন মুন্সি<br>পিতা- মোসলেম উদ্দিন মুন্সি | নীচ তলা-১০৫ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৭,০৫,২৫০/- | ০১ টি |

**(২)মাংস দোকান (নীচ তলা)।**

| ক্র/ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর | প্রাপ্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | (ক) জনাব মাহবুবুর রহমান<br>(খ) মো হাফিজুর রহমান, পিতা- মোঃ হিরন মিয়া হিরা | নীচ তলা-১১৫ | ৪৮ | ১৫,০০,০০০/- | ২২,৫৫,০০০/- | ০১ টি |
| ২. | মোঃ আলী হোসেন<br>পিতা- মৃত বাসেদ আলী | নীচ তলা-১৩৬ | ৬৪.৮ | ১৫,০০,০০০/- | ২২,১০,০০০/- | ০১ টি |
| ৩. | মোঃ আলী হোসেন<br>পিতা- মৃত বাসেদ আলী | নীচ তলা-১৩৭ | ৬৪.৮ | ১৫,০০,০০০/- | ২২,০৫,০০০/- | ০১ টি |
| ৪. | মোঃ আবু বকর সিদ্দিক<br>পিতা- মৃত মোহাম্মদ আলী | নীচ তলা-১৩৮ | ৬৪.৮ | ১৫,০০,০০০/- | ১৫,১১,১০১/- | ০১ টি |
| ৫. | জনাব মোঃ ফারুক আহম্মেদ<br>পিতা- মীর বকস মন্ডল | নীচ তলা-১৩৯ | ৬৪.৮ | ১৫,০০,০০০/- | ১৫,১০,১০১/- | ০১ টি |

## (৩)মাছ দোকান(নীচ তলা)

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর | প্রাপ্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | মোঃ রাজু আহম্মেদ<br>পিতা- মৃত বাসেদ আলী | নীচ তলা-২৩৬ | ৪৮ | ১৫,০০,০০০/- | ২১,৫৫,০০০/- | ০৩ টি |
| ২. | জনাব মোঃ আলী হোসেন<br>পিতা- মৃত বাসেদ আলী | নীচ তলা-২৩৭ | ৪৮ | ১৫,০০,০০০/- | ২১,৬০,০০০/- | ০৪ টি |
| ৩. | জনাব আলমগীর হোসেন খান<br>পিতা- মোঃ তাজুল ইসলাম খান | নীচ তলা-২৪০ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৬,০০,০০০/- | ০২ টি |
| ৪. | জনাব গোলাম সারোয়ার<br>পিতা- মোঃ সিরাজুল ইসলাম | নীচ তলা-২৪৫ | ৪৮ | ১৫,০০,০০০/- | ১৬,৫০,০০০/- | ০১ টি |
| ৫. | মোঃ মোশারফ হোসেন<br>পিতা- মৃত সমির উদ্দিন | নীচ তলা-২৪৭ | ৬৪.৩ | ১৫,০০,০০০/- | ২০,৭৫,০০০/- | ০২ টি |
| ৬. | মোঃ মোশারফ হোসেন<br>পিতা- মৃত সমির উদ্দিন | নীচ তলা-২৫০ | ৭০ | ১৫,০০,০০০/- | ২১,১০,০০০/- | ০১ টি |

## (৪) মাছ পাইকারী দোকান (নীচ তলা)

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর | প্রাপ্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | মোঃ ফজলুর রহমান<br>পিতা- মৃত মোঃ আব্দুর রাজ্জাক | নীচ তলা-২৭৬ | ৪৮.৬ | ১৫,০০,০০০/- | ১৮,০০,৫০০/- | ০১ টি |

## (৫) গ্রোসারী (২য় তলা)ঃ

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর | প্রাপ্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ফজলুর রহমান<br>পিতা- মৃত মোঃ আব্দুর রাজ্জাক | ২য় তলা-০১ | ৪৮ | ১২,০০,০০০/- | ১২,০০,১০০/- | ০১ টি |
| ২. | মোঃ আব্দুল বাতেন<br>পিতা- মোঃ ইব্রাহিম | ২য় তলা-৪৭ | ৮০ | ১২,০০,০০০/- | ১৪,৫০,০০০/- | ০২ টি |
| ৩. | মোসাঃ আসমা খাতুন<br>স্বামী- মোঃ নজরুল ইসলাম | ২য় তলা-৫৪ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,০০,০০০/- | ০১ টি |
| ৪. | মোঃ জামাল খান<br>পিতা- মোঃ গোলাপ খান | ২য় তলা-৮৪ | ৬৪ | ১২,০০,০০০/- | ১২,৫৫,৫০০/- | ০১ টি |
| ৫. | মোঃ শামীম আল মামুন<br>পিতা- মোঃ সাইফুল ইসলাম মিয়া | ২য় তলা-৮৯ | ৬৪ | ১২,০০,০০০/- | ১৩,০০,০০০/- | ০১ টি |
| ৬. | মোঃ গোলাম সারোয়ার<br>পিতা- সিরাজুল ইসলাম | ২য় তলা-৯০ | ৬৪ | ১২,০০,০০০/- | ১৩,০০,১০০/- | ০১ টি |
| ৭. | মোঃ শামীম আল মামুন<br>পিতা- মোঃ সাইফুল ইসলাম মিয়া | ২য় তলা-৯১ | ৮০ | ১২,০০,০০০/- | ১৩,৫০,০০০/- | ০১ টি |

## (৬)ভ্যারাইটিজ দোকান (২য় তলা)।

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর | প্রাপ্ত দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | মোঃ শহিদুল ইসলাম<br>পিতা- মৃত মোঃ আজহার আলী | ২য় তলা-৯৭ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,৫০,০৮০/- | ০১ টি |
| ২. | মোঃ মারজার সিদ্দিকী<br>পিতা- মোঃ মইনউদ্দিন সিদ্দিকী | ২য় তলা-১০৬ | ৬৪ | ১২,০০,০০০/- | ১৬,০০,৮০০/- | ০৩ টি |
| ৩. | জনাব সামসুদ্দোহা খান<br>স্বামী- মৃত আঃ গফুর খান | ২য় তলা-১০৭ | ৬৪ | ১২,০০,০০০/- | ১২,৭০,০০০/- | ০১ টি |
| ৪. | মোঃ এ কে এম সারোয়ার<br>পিতা-মৃত মতিউর রহমান | ২য় তলা-১২০ | ৬৪ | ১২,০০,০০০/- | ১২,৬১,০০০/- | ০১ টি |
| ৫. | নাজমা বেগম<br>স্বামী- মোঃ ফজলুর রহমান | ২য় তলা-১২১ | ৬৪.৮" | ১২,০০,০০০/- | ১৩,১৩,১১৩/- | ০১ টি |
| ৬. | মোঃ সাইফুল আলম<br>পিতা-মৃত সিরাজ উদ্দিন | ২য় তলা-১৩০ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,০০,০০০/- | ০১ টি |
| ৭. | মোঃ ইমতিয়াজ উদ্দিন<br>পিতা- এবিএম জাকারিয়া | ২য় তলা-১৩১ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,০০,০০০/- | ০১ টি |
| ৮. | মোঃ তানজিল হাসান<br>পিতা- মৃত আবুল কাশেম | ২য় তলা-১৩২ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,০০,০০০/- | ০১ টি |
| ৯. | মোঃ আকলিমা আক্তার<br>পিতা- আবু বকর | ২য় তলা-১৩৪ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,১০,১০০/- | ০১ টি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০ | মোঃ আলমগীর হোসেন<br>পিতা- তাজুল ইসলাম খান | ২য় তলা-১৪৬ | ৬৪.৮" | ১২,০০,০০০/- | ১২,৫০,০০০/- | ০১ টি |
| ১১ | মাহমুদা রহমান<br>স্বামী- ফারুক আহম্মেদ | ২য় তলা-১৮০ | ৮০ | ১২,০০,০০০/- | ১২,০১,১০১/- | ০১ টি |
| ১২ | মোঃ ইলিয়াছ হোসেন মুন্সী<br>পিতা- মোসলেম উদ্দিন মুন্সী | ২য় তলা-১৮১ | ৬৪.৩" | ১২,০০,০০০/- | ১৪,৫০,০০০/- | ০২ টি |

উক্ত দর সমূহ গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হয়। ৪০ টি দোকানের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ ৬,২৬,০৯,৮৪৭/- (ছয় কোটি ছাব্বিশ লক্ষ নয় হাজার আটশত সাতচল্লিশ) টাকা প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১১ জুন ২০১৮ তারিখে মিনিটশীটের মাধ্যমে অনুমোদন করা হয়েছে এবং অবশিষ্ট দোকানসমূহ ইজারার নিমিত্তে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নির্মিতব্য কিচেন মার্কেটের উপরোল্লিখিত ৪০টি দোকানের বিপরীতে দাখিলকৃত দর অনুমোদনসহ ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদানের ঘটনোত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট দোকান বরাদ্দের জন্য ইজারা কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৩ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ৮৭০ নং প্লটের মালিক কমান্ডার মোঃ বদরুদ্দোজা চৌধুরী (অবঃ) মুক্তিযোদ্ধা হিসেবে ১০০০ বর্গফুট আয়তনের গৃহকর মওকুফের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার ৮৭০ নং প্লটের ইজারা গ্রহীতা কমান্ডার মোঃ বদরুদ্দোজা চৌধুরী, বিএন (অবঃ)। উক্ত প্লটে ০৭(সাত) তলা বাড়ী বিদ্যমান রয়েছে এবং বার্ষিক গৃহকর ৪১,৯৬১/- (একচল্লিশ হাজার নয়শত একষট্টি) টাকা জুন ২০১৮ পর্যন্ত পরিশোধ আছে। প্লটে নির্মিত বাড়ীর ১৯৫৫ বর্গফুট বিশিষ্ট ৭ম তলায় মালিক নিজে বসবাস করছেন। বাড়ীর মালিক মুক্তিযোদ্ধা হিসেবে গৃহকর মওকুফ করার জন্য আবেদন করেছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন শাখা-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের মালিকানাধীন ইমারত বা জমিতে তাঁহাদের নিজস্ব বসবাসকৃত অংশের উপর হোল্ডিং কর এবং অন্যান্য প্রকৃত মুক্তিযোদ্ধাগণের বসবাসের নিজস্ব মালিকানাধীন হোল্ডিং এ অবস্থিত ইমারত বা জমির উপরস্থিত ১,০০০(এক হাজার) বর্গফুট আয়তন পর্যন্ত ফ্ল্যাটের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে না মর্মে উল্লেখ রয়েছে। এমতাবস্থায় তাঁর আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৮৭০ নং প্লটে নির্মিত বাড়ীর ৭ম তলার ১০০০ বর্গফুটের গৃহকর মুক্তিযোদ্ধা কোটায় মওকুফ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত বাড়ীর অবশিষ্ট অংশের গৃহকর বিধি মোতাবেক পরিশোধ করতে হবে।

আলোচ্যবিষয়-১৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন) টি গ্রুপ টয়লেট ইজারার নিমিত্তে প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩ (তিন) টি গ্রুপ টয়লেট ১/৭/২০১৮ তারিখ হতে ৩০/৬/২০১৯ তারিখ পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৭ জুন ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী- জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত ৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা দরটি সর্বোচ্চ হয়। উক্ত গ্রুপ টয়লেট ইজারার গত ০৩(তিন) বছরের প্রাপ্ত দর নিম্নরূপ ঃ-

| ক্রঃ নং | আর্থিক সাল | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ২০১৫-২০১৬ | ৭,০৪,০০০/- | ১১ মাসের জন্য |
| ৩. | ২০১৬-২০১৭ | ৭,৩৫,০০০/- | ০১ বছরের জন্য |
| ৪. | ২০১৭-২০১৮ | ৫,৪০,০০০/- | ০৮ মাসের জন্য |

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ০১/৭/২০১৮ তারিখ হতে ৩০/৬/২০১৯ তারিখ পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারার নিমিত্তে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী- জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত ৮,২০,০০০/-(আট লক্ষ বিশ হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত গ্রুপ টয়লেটে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ড ও ইজারা গ্রহীতার সমন্বয়ে ও অর্থায়নে সার্বক্ষণিক পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের ব্যবস্থা করতে হবে।

আলোচ্যবিষয়-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শফিকুল আলম | ৭৯৬ | মিরপুর ডিওএইচএস | ০৬/৬/২০১৮ | সংশোধিত ০৭(সাত) তলা (৩য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ২। | জনাব মুন্সী আনোয়ারুল ইসলাম | ৩৩৬ | ডিওএইচএস বারিধারা | ৩০/৪/২০১৮ | সংশোধিত ০৫(পাঁচ) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৩য় এবং ৫ম তলা এক ইউনিটকে দুই ইউনিটে রূপান্তর) |

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস এলাকার ০২ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভাকে জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ১৬.১। সভায় বিস্তারিত আলোচনা শেষে Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১৫ এর ক্রমিক নং-১ ও ২ এর ২টি প্লটে ০৫(পাঁচ)/০৬(ছয়)/০৭(সাত) তলা আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যবিষয়-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | শহীদ বদিউজ্জামান রোডস্থ রোড নং-১ এর পশ্চিম দিকে প্লট নং সিবি-১০৮/১, ১০৮/২ পর্যন্ত তার টেনে নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৬৫,৪৯২/- | জনসাধারণের উন্নয়নমূল খাত (মেরামত) | শহীদ বদিউজ্জামান রোডস্থ ১ নং রোডের ১০৮/১, ১০৮/২ নং বাড়ির মালিকদের ২৯/৫/২০১৮ তারিখের আবেদনপত্র (ফটোকপি সংযুক্ত) |
| ২. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে বজ্রপাত থেকে বৈদ্যুতিক যন্ত্রপাতি রক্ষার জন্য বজ্র প্রতিরোধক যন্ত্রপাতি (Surge Protector) স্থাপন কাজ। | ১,৯৯,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (বিদ্যুৎ) | সম্প্রতি বজ্রপাতে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সিসি ক্যামেরা, ২টি এলইডি টিভি, ইন্টারকম, কম্পিউটার মনিটর নষ্ট হয়ে যাওয়ার প্রেক্ষিতে |
| ৩. | বারিধারা ডিওএইচএস এলাকার ১ নং রোডের পশ্চিম মাথায় রাস্তা উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৯,৫২,৭৪২/- | সংশ্লিষ্টডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল | বারিধারা ডিওএইচএস পরিষদের সভাপতির মৌখিক অনুরোধ |
| ৪. | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের সংস্কার, মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৩,২১,৮২৮/- | বাজারের মেরমত খাত | মসজিদের ইমাম সাহেবের ০৩/৪/২০১৮ তারিখের আবেদনপত্র। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০১ নং রোডস্থ ৪ নং পানির পাম্পে ক্লোরিনেশনের জন্য ডোজিং পাম্প সেট স্থাপন কাজ। | ১,১০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি) | |
| ৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬০ নং বাড়ির নিচতলায় জরাজীর্ন বৈদ্যুতিক ওয়্যারিং রিওয়্যারিংকরণ ও অন্যান্য মেরামত কাজ। | ৪,০০,০০০/- | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা তহবিল | |
| ৭. | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন ১৩ এমপি ইউনিটেরে আওতাভুক্ত সেনানিবাসের প্রধান সড়ক শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ পর্যন্ত কাজের জন্য ট্রাফিক দ্রব্য সামগ্রী সরবরাহ কাজ। | ১,৭৫,০০০/- | বোর্ড তহবিল | স্টেশন সদর দপ্তর, ঢাকার ১৯/৬/২০১৮ তারিখের পত্র। |
| ৮. | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন ১৩ এমপি ইউনিটেরে আওতাভুক্ত সেনানিবাসের প্রধান সড়ক শহীদ সরণির ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ হতে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ পর্যন্ত কাজের জন্য ট্রাফিক দ্রব্য সামগ্রী সরবরাহ কাজ। | ১,২৫,০০০/- | বোর্ড তহবিল | স্টেশন সদর দপ্তর, ঢাকার ১৯/৬/২০১৮ তারিখের পত্র। |
| ৯. | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সীমানা দেয়াল সংস্কার ও গাইড ওয়ালে ফেসিং টাইলস্ ও ড্রেন সংস্কার কাজ। | ১,৯৯,৩২২/- | বোর্ড তহবিল | |
| ১০. | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০১টি গ্যারেজের ফ্লোরে পার্কিং টাইলস্ এবং দেয়ালে সিরামিক গ্লেজড টাইলস্ স্থাপন কাজ। | ১,৫০,০০০/- | বোর্ড তহবিল | |
| ১১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ এবং ৮০ নং প্লটের সামনে (১১ নং রোড) রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৩৮,৯২১/- | রাস্তাঘাট মেরামত খাত | |
| ১২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৯৬ (২য় তলা) নং পরিত্যক্ত সম্পত্তির বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৬২,৪০৯/- | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা তহবিল | মোঃ নুর হোসেন, পাম্প অপারেটর |
| ১৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১০ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৫০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | আছমা আক্তার, জুনিয়র শিক্ষিকা, মুসলিম মডার্ন একাডেমী |
| ১৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১৬ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৬০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোঃ লিয়াকত হোসেন, অফিস সহকারী, এসকেএমসিবিজিএইচ |
| ১৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/এইচ নং বাসা মেরামত ও রংকরণ। | ৪০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোঃ সুরুজ মিয়া, অফিস সহায়ক (প্রশাসনিক শাখা) |
| ১৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ১০০ (৩য় তলা) বাসা মেরামত ও রংকরণ। | ৫০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোঃ মহব্বত হোসেন, কঞ্জাঃ সুপারভাইজার |
| ১৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২(নিচতলা পশ্চিম পার্শ্ব) নং বাসা মেরামত ও রংকরণ। | ৭০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | কামরুন নেসা, প্রভাষক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা), রমিজ উদ্দিন ক্যান্ট কলেজ। |
| ১৮. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ (পুরাতন ভবন) ফ্ল্যাট নং-৫ মেরামত ও রংকরণ। | ৫০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ফরিদা ইয়াসমিন, সহঃ শিক্ষিকা, রমিজ উদ্দিন স্কুল |
| ১৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/এ (৩য় তলা পশ্চিম পার্শ্ব) নং বাসা মেরামত ও রংকরণ। | ৬৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | এবিএম শাহদাত আলম, প্রভাষক (বাংলা), রমিজ উদ্দিন কলেজ |
| ২০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১৫ নং বাসা মেরামত ও রংকরণ। | ৪৯,৪৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | সুমন কুমার সাহা, সহঃ শিক্ষক কম্পিউটার, সেনাপল্লী হাই স্কুল |

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-১৬ এর ২০টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৪, ৫, ১১, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০ এ বর্ণিত ১৩ (তের)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং- ৩, ৭, ৮, ৯ ও ১০ এ বর্ণিত ৪(চার)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। ক্রমিক নং-৬ ও ১২ এ বর্ণিত প্রকল্প দু'টি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যবিষয়-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পাকা মার্কেটের ১৫০ আরএম বৈদ্যুতিক পুরাতন ক্যাবল পরিবর্তন করে নতুন ক্যাবল স্থাপন কাজ। | ১,২৫,১৯৭/- | মেসার্স জি এম ট্রেডার্স | ১,২৩,৯৪৫/- | বাজারের মেরামত খাত | |
| ২। | সিএমটিডি এর লেকে বৃষ্টির পানি প্রবেশ পথে আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ২,৯৬,৬০০/- | মেসার্স এসএস ট্রেডার্স | ২,৯৬,৩০৩/৪০ | বোর্ড তহবিল | |
| ৩। | শহীদ সরণির বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত, সিএমএইচ এর বাহির গেইটের পূর্ব পার্শ্বে ড্রেন নির্মাণ, সেনাকেন্দ্রীয় মসজিদের গেইটে স্ল্যাব নির্মাণ কাজ। | ৫,৯১,৯৮৯/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫,৯১,৩৯৭/- | বোর্ড তহবিল | |
| ৪। | সেনানিবাসের প্রধান সড়কের জন্য (শহীদ সরণি) বিভিন্ন মালামাল (সাইনবোর্ড, সিমেন্টের ব্লক, শিকল, রশি, রং, সিমেন্ট, বালু, ইউটার্ন বোর্ড, হানিকম্ব স্টীকার, রোড ডিভাইডার, রোড মার্কিং রং ইত্যাদি) সরবরাহ কাজ। | ৯,৮০,১৪০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৯,৭৯,১৫৯/- | বোর্ড তহবিল | |
| ৫। | মিরপুর ডিওএইচএস এলাকায় ডেসকো কর্তৃক কর্তনকৃত রাস্তার মেরামত ও কার্পেটিং কাজ। | ৩৬,২৩,৫৭৩/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩৬,২১,৭৬১/২১ | ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ | |
| ৬। | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রোড নং-০১ (পূর্ব) হতে লিংক রোড এমইএস ক্যান্টিন (সিরামিক ইন্ডাস্ট্রি সংলগ্ন) পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ। | ৬,৭৪,৯৪৩/- | মেসার্স বি এম ট্রেডার্স | ৬,৭৩,৫৯৩/১১ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের স্টাফ কোয়ার্টার নং-২ সংস্কার, মেরামত, রংকরণ ও ছাদের উপর পিসিসি ঢালাইসহ বিল্ডিং এর বাহির পার্শ্বে ওয়েদারকোটকরণ কাজ। | ৬,৮৬,৭৭৭/- | মেসার্স এমআর ট্রেড ইন্টারন্যাশনাল | ৬,৮৩,৩৪৩/১১ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৮। | শহীদ সরণির ক্যাপ্টেইন বেকারীর সম্মুখে ফুটপাত ভেঙ্গে ড্রেন পরিস্কারকরণ কাজ। | ৪,৬১,০৩৩/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪,৬০,৫৭১/৯৬ | নর্দমা খাত | |
| ৯। | ভাষানটেক এমপি চেকপোষ্ট হতে শহীদ সরণির সংযোগ পর্যন্ত ১১৫০ ফুট লম্বা রাস্তার উভয় পার্শ্বে ২ ফুট করে বর্ধিতকরণ কাজ। | ৬,৩৯,১৫২/- | মেসার্স নাসির ট্রেডার্স | ৬,৬৯,৮৮৯/৪৪ | বোর্ড তহবিল | |
| ১০। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-৩০/এ (উত্তর), ৩০/এ (দক্ষিণ), নিউ রোড-১৬ এবং ১৭ Asphalt plant এর সাহায্যে কার্পেটিং কাজ। | ৮৩,১৮,৬৪৬/- | মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন | ৮৩,১৪,৪৮৬/৬৭ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১১। | রজনীগন্ধা সুপার মার্কেটের রিক্সা স্ট্যান্ডের স্তুপিকৃত মাটি অপসারণ এবং ২´-০´´ ডায়া আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৩,৬৪,০৭৫/- | মেসার্স নাসির ট্রেডার্স | ৩,৮২,২০৯/- | বোর্ড তহবিল | |
| ১২। | বারিধারা ডিওএইচএস এলাকার ডেসকো কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত/ সংস্কার কাজ। | ৯,৬৩,৪৯১/- | মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল | ৯,৬২,৫২৭/৫১ | ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ | |
| ১৩। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডের পুরাতন অকেজো টিন পরিবর্তন কাজ। | ৪,৩১,০৭৫/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৪,৩০,২১৩/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৪। | বারিধারা ডিওএইচএস এলাকার খালের পূর্ব প্রান্তের পায়ে চলার রাস্তায় টাইলস্ স্থাপন কাজ। | ১১,২৫,৫৯৫/- | মেসার্স সৌরভ এন্টারপ্রাইজ | ১১,২৪,৪৬৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ তহবিল | |

আলোচনা ঃ আলোচ্য বিষয়-১৭ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

১৭.১। আলোচ্য বিষয়-১৭ এর ১৪(চৌদ্দ)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

১৭.২। ক্রমিক নং-১, ৭, ৮ ও ১৩ এ উল্লেখিত ০৪(চার)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৭.৩। ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৬, ৯, ১০, ১১, ১২ ও ১৪ এ উল্লেখিত ১০(দশ)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৮ তারিখে শেষ হয়েছে। ২০১৮-২০১৯ আর্থিক সালে সেনানিবাসের ট্রাফিক সিগন্যাল বাতি সচল রাখার লক্ষ্যে চুক্তির মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের ২৯ মে ২০১৮ তারিখের আবেদনপত্র প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি (ট্রাফিক সিগন্যাল বাতি) (১) হাজী মহসিন ক্রসিং (২) শহীদ আনোয়ার ক্রসিং (৩) স্টাফ রোড ক্রসিং (৪) রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং (৫) জিয়া কলোনী ক্রসিং (৬) মাটি কাটা ক্রসিং (৭) ফ্লাইওভার নিচ ক্রসিং বাতি মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৮ তারিখে উত্তীর্ণ হয়েছে। উল্লেখ্য যে, বোর্ডসভার অনুমোদনক্রমে বর্তমানে প্রতিটি পয়েন্ট মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য মাসিক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হিসেবে বিল পরিশোধ করা হচ্ছে। মেরামত কাজের পরবর্তী চুক্তির মেয়াদ ০১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০১৯ পর্যন্ত এক বছর বৃদ্ধি করার জন্য উক্ত প্রতিষ্ঠান ২৯/৫/২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য প্রতিষ্ঠানটি ট্রাফিক সিগন্যাল বাতি রক্ষণাবেক্ষণ কাজ নিয়মিত করছেন। চুক্তির মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি ০১ জুলাই, ২০১৮ তারিখ হতে ৩০ জুন, ২০১৯ তারিখ পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য বাৎসরিক মেরামত কাজের নিমিত্তে প্রতি পয়েন্ট মাসিক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকায় আরএফ ইঞ্জিনিয়ারিং এর সাথে চুক্তি সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৯ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭১ নং প্লটে নির্মাণ কাজের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বর্ধিতকরণের জন্য সংশ্লিষ্ট মালিকের ২৩/৫/২০১৮ তারিখের আবেদনপত্র প্রসঙ্গে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭১ নং প্লটে অত্র দপ্তরের ২৫/১১/২০১৩ তারিখের ঢাক্যাবো/নঃঅঃ/প্লট নং-সিবি-২৭১/কঃপুঃবাঃ/৪০ নং পত্রের মাধ্যমে ০৬ তলার নকশা অনুমোদন করা হয়। নির্মাণ কাজের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বর্ধিতকরণের জন্য সংশ্লিষ্ট প্লট মালিক ২৩/৫/২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখা ও রজস্ব শাখার প্রতিনিধি কর্তৃক কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭১ নং প্লট সরেজমিন পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২০ঃ মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলার (আভ্যন্তরীন পরিবর্তন) নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ ৩১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২২(৩) এর মাধ্যমে মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লটে সংশোধিত ০৭ তলার (আভ্যন্তরীন পরিবর্তন-নিচতলায় জেনারেটর রুম, কেয়ারটেকার রুম, ড্রাইভার ওয়েটিং রুম এর অবস্থান পরিবর্তন) উপস্থাপন করা হলে উক্ত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৮ নভেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৮১/ডিওএইচএস মহাখালী/২১৬ নং পত্রের মাধ্যমে এমআইএসটি ভেটিং বাবদ ১,২৩,৮১০/- (এক লক্ষ তেইশ হাজার আটশত দশ) টাকা জমা করার জন্য প্লট মালিককে অনুরোধ করা হয়। অতঃপর উক্ত নকশা এমআইএসটিতে প্রেরণ না করে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট প্লট মালিক মিসেস লতা রহমান ০৩/০২/২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে নথিপত্র যাচাইয়ন্তে প্রতিবেদনসহ ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরজমিন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদনসহ পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে উক্ত প্লটটি নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরজমিন পরিদর্শন করা হয়। উক্ত প্লটে মোট ৬৩৯.৭৫ বর্গফুট অননুমোদিত নির্মাণের ক্ষতিপূরণ বাবদ ১,২৭,৯৫০/- (এক লক্ষ সাতাশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা অত্র দপ্তরে জমা করা হয়েছে। অনুমোদিত নকশায় সেটব্যাক ঠিক রেখে নিচতলায় জেনারেটর রুম, কেয়ারটেকার রুম ও ড্রাইভার ওয়েটিং রুম প্লটের পিছনে দেখানো আছে। তবে প্রস্তাবিত সংশোধিত নকশায় নিচতলায় জেনারেটর রুম, কেয়ারটেকার রুম ও ড্রাইভার ওয়েটিং রুম প্লটের পূর্ব পার্শ্বে দেখানো হয়েছে, যা স্থাপত্য পরিবর্তন এবং এ বিষয়ে কাঠামোগত কোন পরিবর্তন নেই এবং সংশোধিত নকশা অনুমোদন করা যেতে পারে মর্মে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলার (আভ্যন্তরীন পরিবর্তন) নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০ - ০´´ × ১৩০ - ০´´ জায়গায় ঘাসের উপর ত্রিপল, মেট, সাদা চাদরের বিছানা, ০২(দুই)টি গেট, ইমাম সাহেবের মিম্বর তৈরীর কাজের ইত্যাদি কাজের ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০ - ০´´ × ১৩০ - ০´´ জায়গায় ঘাসের উপর ত্রিপল, মেট, সাদা চাদরের বিছানা, ০২(দুই)টি গেট, ইমাম সাহেবের মিম্বর তৈরীর কাজের জন্য আনুমানিক ২,৯৯,০০০/-(দুই লক্ষ নিরানব্বই হাজার) টাকা ব্যয় হবে। উল্লেখ্য যে, উক্ত ব্যয় মসজিদের নৈমিত্তির খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০ - ০´´ × ১৩০ - ০´´ জায়গায় ঘাসের উপর ত্রিপল, মেট, সাদা চাদরের বিছানা, ০২(দুই)টি গেট, ইমাম সাহেবের মিম্বর তৈরীর কাজের ২,৯৯,০০০/-(দুই লক্ষ নিরানব্বই হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় মসজিদের নৈমিত্তির খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২২ঃ ঢাকা সেনানিবাসস্থ ৩নং বাংলোর কঞ্জারভেন্সী কাজের জন্য বিভিন্ন মালামাল সরবরাহের নিমিত্ত ৮৯,২১০/-(ঊননব্বই হাজার দুইশত দশ) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ ৩নং বাংলোর চাহিদার প্রেক্ষিতে নিম্নবর্ণিত কঞ্জারভেন্সী কাজের মালামাল সরবরাহের নিমিত্ত ৮৯,২১০/-(ঊননব্বই হাজার দুইশত দশ) টাকা ব্যয় হবে। বিষয়টি মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে। ঘটনোত্তর অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | হারপিক | ১০টি | ১৫০.০০ | ১৫০০.০০ |
| ২. | রক ক্লিনার | ১০টি | ৩০০.০০ | ৩০০০.০০ |
| ৩. | ভিম পাউডার | ০৮ কেজি | ১২০.০০ | ৯৬০.০০ |
| ৪. | ফিনাইল | ০৮টি | ২৫০.০০ | ২০০০.০০ |
| ৫. | এয়ার ফ্রেশনার | ১২টি | ৩৫০.০০ | ৪২০০.০০ |
| ৬. | রুম স্প্রে | ১৬টি | ৪৫০.০০ | ৭২০০.০০ |
| ৭. | লিকুইড হ্যান্ড ওয়াশ সোপ বিদেশী | ১২টি | ৫৫০.০০ | ৬৬০০.০০ |
| ৮. | লাইফবয় হ্যান্ড ওয়াশ | ১২টি | ১৮০.০০ | ২১৬০.০০ |
| ৯. | লাক্স সাবান | ১২টি | ৬০.০০ | ৭২০.০০ |
| ১০. | টিস্যু বক্স | ১৬টি | ১০০.০০ | ১৬০০.০০ |
| ১১. | টয়লেট টিস্যু | ১২টি | ২৫.০০ | ৩০০.০০ |
| ১২. | ভিম সাবান | ১২টি | ৫০.০০ | ৬০০.০০ |
| ১৩. | ব্রিক্স | ১২টি | ১৬০.০০ | ১৯২০.০০ |
| ১৪. | ভিক্সল | ১০টি | ৩০০.০০ | ৩০০০.০০ |
| ১৫. | অলিডম বিদেশী সাবান | ১০টি | ৫০০.০০ | ৫০০০.০০ |
| ১৬. | ন্যাপথলিন | ০৮ প্যাকেট | ২০০.০০ | ১৬০০.০০ |
| ১৭. | কোলগেট | ০৬টি | ২৫০.০০ | ১৫০০.০০ |
| ১৮. | অল আউট মশার লিকুইট | ১০টি | ২০০.০০ | ২০০০.০০ |
| ১৯. | মশার কয়েল | ১৫ প্যাকেট | ১০০.০০ | ১৫০০.০০ |
| ২০. | গ্লাস ক্লিনার | ০৮টি | ২০০.০০ | ১৬০০.০০ |
| ২১. | অডোনিল | ১৬টি | ১৫০.০০ | ২৪০০.০০ |
| ২২. | তোয়ালে | ১০টি | ২৫০.০০ | ২৫০০.০০ |
| ২৩. | গামছা | ০৫টি | ১৫০.০০ | ৭৫০.০০ |
| ২৪. | লাইলনের মোট রশি | ০৫ কেজি | ৩০০.০০ | ১৫০০.০০ |
| ২৫. | বালতি (৩০লিটার) | ০৬টি | ৩৫০.০০ | ২১০০.০০ |
| ২৬. | মগ | ০৬টি | ১০০.০০ | ৬০০.০০ |
| ২৭. | ডাস্টবিন চাকা ওয়ালা | ০২টি | ৩৫০০.০০ | ৭০০০.০০ |
| ২৮. | মোবার স্টিক | ০৪টি | ৫০০.০০ | ২০০০.০০ |
| ২৯. | মোবারলেস | ০৪টি | ১৫০.০০ | ৬০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০. | ধূপ (মশার জন্য) | ১০ কেজি | ২০০.০০ | ২০০০.০০ |
| ৩১. | নারিকেলের ছোবা | ৫০ কেজি | ৬০.০০ | ৩০০০.০০ |
| ৩২. | ছাতা বড় | ০৪টি | ৭০০.০০ | ২৮০০.০০ |
| ৩৩. | সার্ফ এক্সেল | ১৬ কেজি | ২৮০.০০ | ৪৪৮০.০০ |
| ৩৪. | নীল | ০৮ বোতল | ১২০.০০ | ৯৬০.০০ |
| ৩৫. | হুইল সাবান | ১৬টি | ৩৫.০০ | ৫৬০.০০ |
| ৩৬. | মাজনী | ১৬টি | ৫০.০০ | ৮০০.০০ |
| ৩৭. | ফুলের ঝাড়ু | ১০টি | ১২০.০০ | ১২০০.০০ |
| ৩৮. | ঝাড়ুর শলা | ১০ কেজি | ১০০.০০ | ১০০০.০০ |
| ৩৯. | এ্যারোসল (বড়) | ১০টি | ৪০০.০০ | ৪০০০.০০ |
| | | | মোট = | ৮৯,২১০.০০ |

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ ৩নং বাংলোর কঞ্জারভেন্সী কাজের জন্য বিভিন্ন মালামাল সরবরাহের নিমিত্ত ৮৯,২১০/-(উননব্বই হাজার দুইশত দশ) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৩ঃ নৌ বাহিনী সদর দপ্তরের দক্ষিণ পাশে বনানী সামরিক কবরস্থানের রাস্তার মাঝখানে রোড ডিভাইডারের সৌন্দর্য বর্ধনের জন্য ৩৪০০০ প্যাকেট বিদেশী দুর্বা ঘাস ক্রয়ের জন্য ১,৭০,০০০/-(এক লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, নৌ বাহিনী সদর দপ্তরের দক্ষিণ পাশে বনানী সামরিক কবরস্থানের রাস্তার মাঝখানে রোড ডিভাইডারের সৌন্দর্য বর্ধনের জন্য ৩৪০০০ (চৌত্রিশ হাজার) প্যাকেট পলিব্যাগের বিদেশী দুর্বা ঘাস ক্রয়ের জন্য প্রতি প্যাকেট ৫/- (পাঁচ) টাকা হিসেবে (৫/-× ৩৪০০০) = ১,৭০,০০০/-(এক লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয় হবে। বিষয়টি মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত ব্যয় নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে। ঘটনোত্তর অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ নৌ বাহিনী সদর দপ্তরের দক্ষিণ পাশে বনানী সামরিক কবরস্থানের রাস্তার মাঝখানে রোড ডিভাইডারের সৌন্দর্য বর্ধনের জন্য ৩৪০০০ প্যাকেট বিদেশী দুর্বা ঘাস ক্রয়ের জন্য ১,৭০,০০০/-(এক লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৪ঃ সেনাভবনের কাজের জন্য সেনাবাহিনী প্রধানের সচিবালয়, ঢাকা সেনানিবাসের ০৭ জুন ২০১৮, ২০ জুন, ২০১৮ এবং ২১ জুন ২০১৮ তারিখের পত্রের মাধ্যমে চাহিদাকৃত কঞ্জারভেন্সী কাজের জন্য বিভিন্ন দ্রব্যাদি সরবরাহের নিমিত্ত ৬৫,৮৬০/-(পয়ষট্টি হাজার আটশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সেনাভবনের কাজের জন্য সেনাবাহিনী প্রধানের সচিবালয় ঢাকা সেনানিবাসের ০৭, ২০ এবং ২১ জুন ২০১৮ইং তারিখের পত্রের মাধ্যমে কঞ্জারভেন্সী কাজের জন্য বিভিন্ন দ্রব্যাদি সরবরাহের নিমিত্ত ৬৫,৮৬০/-(পয়ষট্টি হাজার আটশত ষাট) টাকা ব্যয় হবে। বিষয়টি মিনিটসীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে। ঘটনোত্তর অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | হারপিক | ০৬টি | ১৫০.০০ | ৯০০.০০ |
| ২. | রক ক্লিনার | ০৫টি | ৩০০.০০ | ১৫০০.০০ |
| ৩. | ভিম পাউডার | ০৪ কেজি | ১২০.০০ | ৪৮০.০০ |
| ৪. | এরোসল | ১০টি | ৪০০.০০ | ৪০০০.০০ |
| ৫. | এয়ার ফ্রেশনার | ০৮টি | ৪৯০.০০ | ৩৯২০.০০ |
| ৬. | টিস্যু বক্স | ১২টি | ১০০.০০ | ১২০০.০০ |
| ৭. | পেপসোডেন্ট | ০৪টি | ৩৫০.০০ | ১৪০০.০০ |
| ৮. | গোলগেট | ০৪টি | ২৫০.০০ | ১০০০.০০ |
| ৯. | লাক্স সাবান | ০৬টি | ৫০.০০ | ৩০০.০০ |
| ১০. | টয়লেট পেপার | ১২টি | ২৫.০০ | ৩০০.০০ |
| ১১. | গ্লাস ক্লিনার | ০৬টি | ১৮০.০০ | ১০৮০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | ফিনাইল | ০৪টি | ২৫০.০০ | ১০০০.০০ |
| ১৩. | সার্ফ এক্সেল | ১০ কেজি | ২৮০.০০ | ২৮০০.০০ |
| ১৪. | ভিমবার সাবান | ০৮টি | ৪৫.০০ | ৪৫০.০০ |
| ১৫. | হুইল সাবান | ১০টি | ৩০.০০ | ৩০০.০০ |
| ১৬. | ট্রিক্স | ১০টি | ১৫০.০০ | ১৫০০.০০ |
| ১৭. | লুছনী | ০৮টি | ৫০.০০ | ৪০০.০০ |
| ১৮. | নীল | ০৪টি | ১৫০.০০ | ৬০০.০০ |
| ১৯. | ন্যাপকিন পেপার | ০৪টি | ১৫০.০০ | ৬০০.০০ |
| ২০. | ন্যাপথলিন | ০৪ প্যাকেট | ২০০.০০ | ৮০০.০০ |
| ২১. | ব্রাশ | ০৪টি | ১৫০.০০ | ৬০০.০০ |
| ২২. | লিকুইড হ্যান্ড ওয়াশ বিদেশী | ০৬টি | ৫৫০.০০ | ৩৩০০.০০ |
| ২৩. | অডোনিল | ১০টি | ১৫০.০০ | ১৫০০.০০ |
| ২৪. | কটনবার | ০৪টি | ১২০.০০ | ৪৮০.০০ |
| ২৫. | তোয়ালে | ০৪টি | ৫০০.০০ | ২০০০.০০ |
| ২৬. | মশার কয়েল | ১৫প্যাকেট | ১০০.০০ | ১৫০০.০০ |
| ২৭. | মোফারী | ০৪টি | ৫০০.০০ | ২০০০.০০ |
| ২৮. | মিনিটিগর (বড় প্যাকেট) | ১০০টি | ৪০.০০ | ৪০০০.০০ |
| ২৯. | পেপেচোরা | ৫০টি | ৩০.০০ | ১৫০০.০০ |
| ৩০. | বিভিন্ন প্রকার বীজ | ১০প্যাকেট | ৩০০.০০ | ৩০০০.০০ |
| ৩১. | বাশ (বড়) | ৩০টি | ৪০০.০০ | ১২০০০.০০ |
| ৩২. | স্প্রিং | ০১টি | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ৩৩. | প্লাগ | ০২টি | ৩০০.০০ | ৬০০.০০ |
| ৩৪. | গ্রীজ | ০১ কেজি | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ৩৫. | ব্রেক সু | ০১ সেট | ১৩০০.০০ | ১৩০০.০০ |
| ৩৬. | গ্রীন কাটার ব্লেড লোনমোয়ার | ০১টি | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ৩৭. | গ্রীন কাটার ব্লেড এয়ার কুলার ফিল্টার | ০১টি | ১০৫০.০০ | ১০৫০.০০ |
| | | | মোট = | ৬৫,৮৬০.০০ |

সিদ্ধান্ত ঃ সেনাভবনের চাহিদাকৃত কঞ্জারভেন্সী কাজের জন্য বিভিন্ন দ্রব্যাদি সরবরাহের নিমিত্ত ৬৫,৮৬০/-(পয়ষট্টি হাজার আটশত ষাট) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৫ঃ মিরপুর ডিওএইচএস এর ১২৮২ নং প্লটে বাড়ী নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির বিষয়ে ব্রিগেডিয়ার জেনারেল মোহাঃ আব্দুর রাজ্জাক এর ০৭ জুন, ২০১৮ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস এর ১২৮২ নং প্লটে অত্র দপ্তরের ২৮/০২/২০১৩ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১২৮২/ডিওএইচএস/মিরপুর/১২ নং পত্রের মাধ্যমে ০৭(সাত) তলার নকশা অনুমোদন করা হয়। বাড়ির নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিক ০৭ জুন ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। সরজমিন পরিদর্শনে দেখা যায় ০৭(সাত) তলা পর্যন্ত বাড়ির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। নিচতলায় কার পার্কিং। ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলায় বসবাস করা হচ্ছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী শাখা ও রাজস্ব শাখার প্রতিনিধি কর্তৃক মিরপুর ডিওএইচএস এর ১২৮২ নং প্লট সরেজমিন পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৬ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের নিচতলায় পরিচালিত ক্যান্টিনের ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ২৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১০ নং আলোচ্যবিষয় এর সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৪ মার্চ ২০১৩ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৬৭/২৬ নং পত্রে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) অফেরতযোগ্য সালামী এবং প্রতি বর্গফুট ২০/-(বিশ) টাকা হারে ৭৯৭ বর্গফুটের জন্য মাসিক ১৫,৯৪০/-(পনের হাজার নয়শত চল্লিশ) টাকায় ১৮ মার্চ ২০১৩ তারিখ হতে ১৭ মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছর মেয়াদে মেজর এম কামরান হামিদ, পিএসসি (অবঃ), প্রোপাইটর-রিকহাম ইন্টারন্যাশনাল-কে ইজারা প্রদান করা হয়। পরবর্তীতে ০১ মার্চ ২০১৫ তারিখ হতে উক্ত ক্যান্টিনের মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৪০/-টাকা হারে মোট ৩১,৮৮০/-(একত্রিশ হাজার আটশত আশি) টাকা নির্ধারণ করা হয়। উক্ত

ক্যান্টিনের ইজারা মেয়াদ ১৭ মার্চ ২০১৮ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। ক্যান্টিনের মাসিক ভাড়া ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত মোট ৬,৪৫,৫৯৩/-(ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত তিরানব্বই) টাকা বকেয়া রয়েছে। বকেয়া টাকা পরিশোধের জন্য পত্র প্রদান করা হলে তিনি ২৬/১১/২০১৭ তারিখের আবেদনে সমস্যা উল্লেখ করে চলতি মাসের ভাড়া ৩১,৮৮০/-টাকা এবং বকেয়া ভাড়া হতে ২৫,০০০/-টাকা করে প্রতি মাসে পরিশোধ করবেন মর্মে উক্ত ক্যান্টিনের মেয়াদ পুনরায় ০৫(পাঁচ) বছর বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। বর্তমানে উক্ত হারে ভাড়া পরিশোধ করছেন। ক্যান্টিনের বকেয়া ভাড়া ২৯/৩/২০১৮ তারিখের মধ্যে পরিশোধ করার জন্য অত্র দপ্তরের ২১ মার্চ ২০১৮ তারিখে পত্র প্রদান করা হয়েছে। বকেয়া বাড়া আদায়ের বিষয়টি ২৮ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১০ এর মাধ্যমে উপস্থাপন করা হলো নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

> ***"বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিনটি ইজারার জন্য উন্মুক্ত দরপত্র আহ্বানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। একইসাথে বর্তমান ইজারা গ্রহীতার নিকট হতে বকেয়া ভাড়া দ্রুততম সময়ের মধ্যে আদায় করতে হবে।"***

অত্র দপ্তরের ১৬ এপ্রিল ২০১৮ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৬৭/৮৯ নং পত্রে উক্ত সিদ্ধান্ত ইজারা গ্রহীতাকে অবহিত করাসহ বকেয়া ভাড়া বাবদ পওনা ৬,৭৯,০৬৭/-(ছয় লক্ষ ঊনআশি হাজার সাতষট্রি) টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। এ প্রেক্ষিতে ইজারা গ্রহীতা ১২/৬/২০১৮ তারিখের আবেদনে পূর্বের ইজারা চুক্তিপত্র বহাল রেখে বর্তমান ভাড়ায় পুনরায় ০৫(পাঁচ) বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করার জন্য অনুরোধ করেছেন। উল্লেখ্য যে উক্ত ক্যান্টিনের ভাড়া বাবদ মার্চ ২০১৮ পর্যন্ত ৬,৭৯,০৬৭/-(ছয় লক্ষ ঊনআশি হাজার সাতষট্রি) টাকা বকেয়া রয়েছে। এমতাবস্থায় তার আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের নিচতলায় মেজর এম কামরান হামিদ, পিএসসি (অবঃ), প্রোপ্রাইটর-রিকহাম ইন্টারন্যাশনাল কর্তৃক পরিচালিত ক্যান্টিনটি ১৮ মার্চ, ২০১৮ তারিখ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৪০/-টাকা হারে মোট ৩১,৮৮০/-(একত্রিশ হাজার আটশত আশি) টাকা ভাড়ায় ইজারা মেয়াদ বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ক্যান্টিনের বকেয়া ভাড়ার ৬,৭৯,০৬৭/-(ছয় লক্ষ ঊনআশি হাজার সাতষট্রি) টাকা প্রতি মাসের নিয়মিত ভাড়ার সাথে অতিরিক্ত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে আদায় করতে হবে।

২৮ বিবিধ-১ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ীভাবে নিয়োগের জন্য মেডিক্যাল অফিসার (সনোলজিস্ট)-০১টি, ওয়ার্ডবয়-০১টি, আইসিএ- ০২টি ও স্টোর কীপার-০১টিসহ মোট ০৫(পাঁচ) জনের কমিটি কর্তৃক সুপারিশকৃত ব্যক্তিদের বয়স নিয়োগের শর্তের চেয়ে অধিক হওয়ায় এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে শূন্য পদে নিয়োগের নিমিত্ত গঠিত নিয়োগ কমিটির সুপারিশ ও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ৩০/০৫/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে সিরাজ-সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, ঢাকা সেনানিবাসে শূণ্য পদের বিপরীতে ০৫ ধরণের ১৫টি পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের অনুমোদন করা হয়। কিন্তু পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত ০৫(পাঁচ) জন এর বয়স নিয়োগ বিধিতে বর্ণিত বয়সের তুলনায় বেশীঃ-

| ক্র/নং | নাম ও পিতা/স্বামীর নাম | পদের নাম | নিয়োগ বিজ্ঞপ্তিতে নির্ধারিত বয়স | নিয়োগের জন্য সুপরিশকৃত প্রার্থীর বয়স |
|---|---|---|---|---|
| ১. | ডাঃ সাব্রিনা ইয়াসমিন<br>স্বামী ঃ লেঃ কর্ণেল নাঈমুল হক | মেডিকেল অফিসার | ৩৫ | ৪৯ বছর ০৯ মাস ০৫ দিন |
| ২. | জনাব সুজিত কুমার ধর<br>পিতা-মৃত অবনী কান্ত ধর | আইসিএ | ৩০ | ৩৭ বছর ১১ মাস ১৩ দিন |
| ৩. | জনাব মোঃ রফিকুল ইসলাম (স্বপন)<br>পিতা-মোঃ মন্তাজ উদ্দিন সেখ | আইসিএ | ৩০ | ৩৬ বছর ০৭ মাস ০৫ দিন |
| ৪. | জনাব মোঃ আলতাফ হোসেন<br>পিতা-মোঃ আতাহার হোসেন | স্টোর কীপার | ৩০ | ৪০ বছর ০৫ মাস ২৪ দিন |
| ৫. | জনাব মোঃ ছুলেমান<br>পিতা-মোঃ আঃ সবুর | ওয়ার্ড বয় | ৩০ | ৩৪ বছর ০১ মাস ২৮ দিন |

সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, এ সকল পদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ও নির্ধারিত বেতনে। স্থায়ী নিয়োগ হলে এরূপ নিয়োগ বাতিল হয়ে যাবে। তদুপরি বর্ণিত পদসমূহে অভিজ্ঞ ব্যক্তি হলে সেবার মান আরও বৃদ্ধি পাবে। এ ক্ষেত্রে সম্পূর্ণ অস্থয়ী ভিত্তিতে নিয়োগের প্রস্তাবকৃত এ সকল পদের ময়স প্রমার্জন জরুরী।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ীভাবে নিয়োগের জন্য কমিটি কর্তৃক সুপারিশকৃত মেডিক্যাল অফিসার (সনোলজিস্ট)-০১টি, ওয়ার্ডবয়-০১টি, আইসিএ- ০২টি ও স্টোর কীপার-০১টিসহ মোট ০৫(পাঁচ)টি পদের নিয়োগ বাতিল করা হলো। এ সকল পদে পুনরায় নিয়োগ কার্যক্রমের জন্য বয়স প্রমার্জনের নিমিত্ত সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'

**( মোহাম্মদ গোলাম কিবরিয়া )**
সেক্রেটারি, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোন ঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।